

আল্লাহর কাছে দোয়া করতে হবে, তিনি সব বিপদ-
আপদ দূর করে দেবেন এবং বান্দার ঋণ
পরিশোধেরও ব্যবস্থা করে দেবেন

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুল্হ
বিসমিল্লাহির রহমানির রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে: আল্লাহর কাছে
দোয়া করতে হবে, তিনি সব বিপদ-আপদ দূর করে দেবেন
এবং বান্দার ঋণ পরিশোধেরও ব্যবস্থা করে দেবেন।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:

সূরা ৭ আ'রাফ, আয়াতঃ ৫৫

ادْعُوا رَبَّكُمْ تَضَرُّعًا وَخُفْيَةً

তোমরা বিনীতভাবে ও গোপনে তোমাদের প্রতিপালিককে
ডাক।

(55) إِنَّهُ لَا يُحِبُّ الْمُعْتَدِينَ

তিনি সীমা অতিক্রমকারীদের পছন্দ করেন না।(৭:৫৫)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:

সূরা ৪০ মু'মিন/গাফির, আয়াতঃ ৬০

وَقَالَ رَبُّكُمْ ادْعُونِي أَسْتَجِبْ لَكُمْ

তোমাদের প্রতিপালক বলেন, তোমরা আমাকে ডাক,
আমি তোমাদের ডাকে সাড়া দিব।

(60) إِنَّ الَّذِينَ يَسْتَكْبِرُونَ عَنْ عِبَادَتِي سَيَدْخُلُونَ جَهَنَّمَ دَاخِرِينَ

যারা অহংকার করে আমার ইবাদতে বিমুখ হবে তারা
অবশ্যই লঞ্জিত হয়ে জাহান্নামে প্রবেশ করবে। (৪০:৬০)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ

সূরা ২৭ নামল, আয়াতঃ ৬২

أَمِّنْ يُجِيبُ الْمُضْطَرَّ إِذَا دَعَاهُ وَيَكْشِفُ السُّوءَ

কে শোনে পেরেশান ও অশান্ত ব্যক্তির আহ্বান, যখন সে
তাকে আহ্বান করে এবং তার (আহ্বানকারীর) বিপদ-আপদ
দূর করে।

وَيَجْعَلُكُمْ خُلَفَاءَ الْأَرْضِ

এবং তোমাদেরকে পৃথিবীতে প্রতিনিধি করেন

اللَّهُ مَعَ اللَّهِ

আল্লাহর সাথে অন্য কোন ইলাহ্ আছে কি?

قَلِيلًا مَّا تَذَكَّرُونَ (62)

তোমরা অতি সামান্যই উপদেশ গ্রহণ করে থাক। (২৭:৬২)

আবু দাউদ ও তিরমিযী শরীফের হাদীসঃ

রিয়াদুস সালাহীন, ৪র্থ খন্ড

١٤٦٥ - وَعَنِ النُّعْمَانَ بْنِ بَشِيرٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الدُّعَاءُ هُوَ الْعِبَادَةُ - رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَقَالَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ.

১৪৬৫। নু'মান ইবনে বাশীর (রা) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : “দু'আ হচ্ছে ইবাদাত”।

ইমাম আবু দাউদ ও ইমাম তিরমিযী হাদীসটি বর্ণনা করেছেন এবং ইমাম তিরমিযী একে হাসান ও সহীহ হাদীস আখ্যা দিয়েছেন।

আবু দাউদ(১৪৭৯),তিরমিযী(৩৩৭২)

বুখারী, মুসলিম, তিরমিযী ও নাসাই শরীফের হাদীস

১৪৭৬ - وَعَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْعَجْزِ وَالْكَسَلِ وَالْجُبْنِ وَالْهَرَمِ وَالْبُخْلِ وَأَعُوذُ بِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ - وَفِي رِوَايَةٍ وَضَلَعِ الدِّينِ وَغَلَبَةِ الرِّجَالِ - رَوَاهُ مُسْلِمٌ.

১৪৭৬। আনাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই দু'আ করতেন : “আল্লাহ্‌ছা ইন্নী আউযু বিকা মিনাল ‘আজ্জ্বি ওয়াল কাসালি ওয়াল জুবনি ওয়াল হারামি ওয়াল বুখলি ওয়া আউযু বিকা মিন ‘আযাবিল কাব্রি, ওয়া আউযু বিকা মিন ফিতনাতিল মাহ্‌ইয়া ওয়াল মামাত” (হে আল্লাহ! আমি আশ্রয় চাচ্ছি তোমার কাছে অক্ষমতা ও আলস্য থেকে, কাপুরুষতা, বার্ধক্য ও কার্পণ্য থেকে। আমি আশ্রয় চাচ্ছি তোমার কাছে কবরের আযাব থেকে এবং আশ্রয় চাচ্ছি তোমার কাছে জীবন ও মৃত্যুর ফিতনা থেকে)। অন্য এক বর্ণনায় আছে : “ওয়া দালঈদু দাইনি ওয়া গালাবাতির রিজাল” (ঋণের ভয়াবহ বোঝা ও লোকদের পরাভব থেকে)।

রিয়াদুস সালাহীন, ৪র্থ খন্ড

বুখারী ২৮২৩, ৬৩৬৩, ৬৩৬৭, মুসলিম ২৭০৬, নাসাই ৫৪৪৮

১৪৮৬ - وَعَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ مَكَاتِبًا جَاءَهُ إِيَّاهُ عَجِزْتُ عَنْ كِتَابِي فَأَعِنِّي قَالَ أَلَا أَعْلَمُكَ كَلِمَاتٍ عَلَّمْنِيهِنَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَوْ كَانَ عَلَيْكَ مِثْلُ جَبَلٍ دَيْنًا آدَاهُ اللَّهُ عَنْكَ قُلْ اللَّهُمَّ اكْفِنِي بِحَلَالِكَ عَنْ حَرَامِكَ وَأَغْنِنِي بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ - رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ حَدِيثٌ حَسَنٌ.

রিয়াদুস সালাহীন, ৪র্থ খন্ড

১৪৮৬। আলী (রা) থেকে বর্ণিত। জনৈক মুকাতাব^১ দাস তাঁর কাছে এসে বললো, আমি নিজের মুক্তির জন্য চুক্তিবদ্ধ অর্থ পরিশোধ করতে অক্ষম হয়ে পড়েছি। কাজেই আপনি

১. মুকাতাব হচ্ছে এমন ক্রীতদাস যার মালিকের সাথে তার লিখিত চুক্তি হয়েছে যে, সে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করলে তাকে আযাদ করে দেয়া হবে।

www.icsbook.info

রিয়াদুস সালাহীন

১৯

আমাকে সাহায্য করুন। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে যে কথাগুলো শিখিয়েছিলেন আমি কি সেগুলো তোমাকে শিখিয়ে দেব? যদি তোমার উপর পাহাড় সমান ঋণ থাকে তিনি তা পরিশোধের ব্যবস্থা করে দেবেন। বল, “আল্লাহ্‌র আক্ফিনী বিহালালিকা ‘আন হারামিকা ওয়া আগ্নিনী বিফাদলিকা আশ্মান সিওয়াকা” (হে আল্লাহ! তোমার হারাম থেকে তোমার হালালকে আমার জন্য যথেষ্ট করে দাও এবং তোমার অনুগ্রহের মাধ্যমে তুমি ছাড়া অন্যদের থেকে আমাকে অমুখাপেক্ষী করে দাও)।

ইমাম তিরমিযী হাদীসটি উদ্ধৃত করেছেন এবং একে হাসান হাদীস আখ্যা দিয়েছেন।

(হাদীস সিরিজ ২৬৬, তিরমিযী, তাহকীক, আলবানী ৩৫৬৩, আহমদ ১৩২১)

প্রিয় ভাই ও বোনেরা, নিয়মিত ফরজ ও নফল সালাত আদায়, যাকাত প্রদান ও সিয়াম পালন, হজ্জ ও উমরাহ করার সাথে সাথে প্রতিনিয়ত আল্লাহর জিকির (স্মরণ) ও আল্লাহর কাছে দোয়া করা প্রতিটি মু'মিনের কর্তব্য।

জিকির ও দোয়া করার জন্য অযু গোসলের প্রয়োজন হয় না। শুধু সালাতের জন্য অযু গোসলের

প্রয়োজন। আল্লাহ আমাদেরকে বেশী বেশী জিকির ও দোয়া করার তৌফিক দান করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ

.....